

গভীর বনের গভীৰে

ছড়ার বই

হৰপ্রসাদ সৰকাৰ

Title: Gobhir Boner Gobhire

Bengali Poems for Children

Copyright: All right reserved by the writer. There is no hard copy of this book.

Please be aware of pirated copy. Date: 19th Feb 2016

Riyabutu.com

সূচীপত্রঃ

| | |
|-----------------------|-------------------------------------|
| চান্দুমনি..... | 4 |
| পাহারাদার রামা..... | 4 |
| রাতের কামান..... | 5 |
| গরম ফাটাফাটি..... | 5 |
| খরগোস কান্ড..... | Error! Bookmark not defined. |
| আমের জন্য দাঁত..... | Error! Bookmark not defined. |
| পাউউ..... | Error! Bookmark not defined. |
| মরিচ চিনির দানা..... | Error! Bookmark not defined. |
| ছানার ছুটির দিন..... | Error! Bookmark not defined. |
| গাধার ভাই গদু..... | Error! Bookmark not defined. |
| মোরগের মেহনত..... | Error! Bookmark not defined. |
| গাধার ভাই..... | Error! Bookmark not defined. |
| কবাডি খেলা..... | Error! Bookmark not defined. |
| ডিম্ব..... | Error! Bookmark not defined. |
| কাঠবিড়ালীর স্বর..... | Error! Bookmark not defined. |
| ভোরের গান..... | Error! Bookmark not defined. |
| কাগ বাবু..... | Error! Bookmark not defined. |
| বাঘা টুনটুনি..... | Error! Bookmark not defined. |
| বনের হাট..... | Error! Bookmark not defined. |

| | |
|----------------------------|-------------------------------------|
| রাজার কুলে | Error! Bookmark not defined. |
| দুটি প্রজাপতি..... | Error! Bookmark not defined. |
| বুধু ব্যাঙের গুপ্তধন | Error! Bookmark not defined. |
| গাধার বিয়ে | Error! Bookmark not defined. |
| বাঘের মুলা..... | Error! Bookmark not defined. |
| তাতু..... | Error! Bookmark not defined. |
| শিয়ালের গান..... | Error! Bookmark not defined. |
| খরগোসের ঘুম..... | Error! Bookmark not defined. |
| ছেলেবেলার গল্প | Error! Bookmark not defined. |
| গোপন কথা | Error! Bookmark not defined. |
| পুঁট-পুঁটি..... | Error! Bookmark not defined. |

চান্দুমনি

ঘরের দাওয়ায় বসে চড়াই চাঁদকে ডেকে বলে

“ও মোর চান্দুমনি, কেন আছো বুলে?”

“কে বেঁধে দিল তোমায় নীল আকাশের তলে?

কেন জেগে থাক তুমি মধুর ঘুম ফেলে?”

“আমি চড়াই তুমি চাঁদ দূরে দূরে থাকি

কাছে এসো চান্দুমনি অনেক কথা বাকি।”

পাহারাদার রামা

আম চুরি করতে গেল টুনটুনি আর চড়াই

গভীর রাতে আম বাগানে আলো বাতি ছাড়াই।

ধরাম করে লাঠী দিয়ে মারল বাড়ি গাছে

পাহারাদার রামা বাঘা ঘুমাচ্ছিল নীচে।

টুপটাপ ছ'কুড়ি আম পড়ল বাঘার পিঠে

রাম-রাম বলে জয়রাম দৌড় মারল উঠে।

বাঘার গলার শব্দ শুনে টুনটুনি আর চড়াই

আম বাগান থেকে রে ভাই কে কার আগে পালায়।

দৌড়তে দৌড়তে ভীতু বাঘা সোজা নদীর জলে

পাহাড়া আর সে দেয়নি কোথাও সন্ধ্যা রাত হলে।

বাতের কামান

চাঁদের আলো ছড়িয়ে ছিল বনের চারিদিকে
ইদুর একটা হাঁটছিল গাছ গাছালির ফাঁকে।
ফুল বাগানে গাছের তলে ঘুমিয়েছিল কাঠবিড়ালী
এমন সময় দুরুম করে ভেঙ্গে পড়ল আমের ডালি।
চোখের পলকে ইদুর হাওয়া, মাটির মাঝে গর্ত করে
কাঠবিড়ালী গাছের আগায় এক পলকে ভোঁ-ভোঁ করে।
থর-থরিয়ে কাঁপছে ইদুর মাটির নীচে গর্ত মাঝে
চাঁদ ভেঙ্গে পড়ল না তো আজ আবার আকাশ হতে নীচে?
কাঠবিড়ালী উঁকি দিয়ে দেখছে কি-টা হল!
কে আবার বনের মাঝে কামান দেগে গেল?

গরম ফাটাফাটি

গরম পড়ছে ফাটাফাটি, জ্বলছে বনের মাটি
বটের ছায়ায় ঘুমায় বাঘা বিছিয়ে মাদুর পাটি
নাকে মুখে গামছা দিয়ে শুয়ে আছে বানর
উল্টো শুয়ে কাঠবিড়ালী নাক ডাকে গর-গর।
পুকুর জলে বারে বারে ব্যাঙ দিচ্ছে ডুব
গরমে কাহিল হয়ে থরগোস একদম চুপ।
তালপাতার পাখা নিয়ে কাক করছে বাতাস
ডুব দিয়ে জলের তলে ঘুরে বেড়াচ্ছে হাঁস।